

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৬৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি জুমু'আর শর্তসমূহ পূরণ করে, জুমু'আয় উপস্থিত হয়, তাকে পরবর্তী জুমু'আহ পর্যন্ত ক্ষমা করে দেওয়া হয়

ذِكْنُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِمَنْ أَتَى الْجُمْعَةَ بِشَرَائِطِهَا إِلَى الْجُمْعَةِ الَّتِي تَلِيهَا

আরবী

2765 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ حَدَّثَنَا ابْنُ أَبِي ذِبْبٍ عَنْ سَعِيدٍ بْنِ أَبِي سَعِيدٍ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ وَدِيعَةَ أَبُو وَدِيعَةَ عَنْ سَلْمَانَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (من اغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ فَتَطَهَّرَ مَا اسْتَطَاعَ مِنْ طُهْرٍ ثُمَّ ادَّهَنَ مِنْ دُهْنِهِ أَوْ طِيبِ بَيْتِهِ ثُمَّ رَاحَ إِلَى الْجُمُعَةِ وَلَمْ يُفَرِّقْ بَيْنَ الْثَنَيْنِ ثُمَّ صَلَّى مَا بَدَا لَهُ فَإِذَا خَرَجَ الْإِمَامُ أَنْصَبَتَ غُفْر لَهُ مَا بينه وبين الجمعة الأخرى) الراوي: سَلْمَان ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2765 ا خلاصة حكم المحدث: صحيح: خ.

বাংলা

২৭৬৫. সালমান ফারেসী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি জুমু'আর দিন গোসল করে, অতঃপর সাধ্যমত পবিত্রতা অর্জন করে তারপর তার বাড়ির তেল বা সুগন্ধি ব্যবহার করে সকাল সকাল জুমু'আয় গমন করে এবং দুইজনকে ভেদ করে (সামনে গমন করে) না তারপর সে সালাত আদায় করে, যতটা পড়তে মনে চায়। অতঃপর ইমাম যখন খুতবার উদ্দেশ্যে বের হয়, তখন সে চুপ থাকে- তবে তাকে তার মাঝে ও পরবর্তী জুমু'আহর মাঝে (সংঘটিত গোনাহসমূহ) ক্ষমা করে দেওয়া হয়।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪৩৮; সহীহুল বুখারী: ৮৮৩; দারেমী: ১/৩৬২; ইবনু মাজাহ: ১০৯৭; সহীহ ইবনু



খুযাইমাহ: ১৭৬৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৭৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন